

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
সেগুনবাগিচা, ঢাকা।

## প্রেস বিজ্ঞপ্তি

তারিখঃ ০৫ জুন ২০১৬ খ্রিঃ।

### জাতীয় রাজস্ব বোর্ডের কাছে জনগণের প্রত্যাশা পূরণে সক্রিয়ভাবে কাজ করার জন্য সদ্য যোগদানকৃত কর ক্যাডারের নবীন কর্মকর্তাদের প্রতি এনবিআর চেয়ারম্যানের আহ্বান

দেশের উন্নয়নে বাংলাদেশ এগিয়ে যাচ্ছে। সারা পৃথিবীতে বাংলাদেশ 'রোল মডেল' হিসেবে স্বীকৃতি পেয়েছে। উন্নয়নের অক্সিজেন হলো রাজস্ব। রাজস্ব সংগ্রহে জাতীয় রাজস্ব বোর্ডের উপর মানুষের প্রত্যাশা দিন দিন বাড়ছে। রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জন এবং মানুষের প্রত্যাশা পূরণে জাতীয় রাজস্ব বোর্ড সমাজের সকল স্তরের মানুষের সহযোগিতা নিয়ে কাজ করছে। বর্তমানে দেশের অভ্যন্তরীণ রাজস্বের প্রায় ৮৫% ভাগ জাতীয় রাজস্ব বোর্ড সংগ্রহ করে থাকে। এ সংগ্রহ প্রক্রিয়ায় সহকারী কর কমিশনারগণ অগ্রসৈনিক হিসেবে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকেন। এ বৃহৎ কর্মযজ্ঞকে আরো গতিশীল ও প্রাণবন্ত করতে জাতীয় রাজস্ব বোর্ডে যুক্ত হয়েছেন বিসিএস (কর) ক্যাডারের ৩৪তম ব্যাচের ৩৪ (চৌত্রিশ) জন তরুণ, সতেজ ও উদ্যমী সহকারী কর কমিশনার।

বিসিএস কর ক্যাডারের ৩৩তম ব্যাচের কর্মকর্তাদের উদ্যোগে আয়োজিত বিসিএস কর ক্যাডারের ৩৪তম ব্যাচের নবীন কর্মকর্তাদের 'বরণ ও সংবর্ধনা' অনুষ্ঠান আজ সকাল ১১.০০ ঘটিকায় জাতীয় রাজস্ব বোর্ডের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড জনাব মোঃ নজিবুর রহমান প্রধান অতিথি হিসেবে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। জাতীয় রাজস্ব বোর্ডের সদস্যবর্গসহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

নবীন কর্মকর্তাদের বরণ ও সংবর্ধনা অনুষ্ঠানে তরুণ সহকারী কর কমিশনারদেরকে সম্যক ধারণা প্রদানের লক্ষ্যে সরকারের কাঠামো, জাতীয় রাজস্ব বোর্ড, সরকারের বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগ সম্পর্কে ধারণা, অর্থ মন্ত্রণালয় ও এর বিভিন্ন বিভাগ, অভ্যন্তরীণ সম্পদ সংগ্রহে জাতীয় রাজস্ব বোর্ডের অবদান এবং প্রত্যক্ষ কর তথা আয়করের ঐতিহাসিক ভূমিকা ও তাৎপর্য, কর বিভাগের কার্যপদ্ধতি, দক্ষ রাজস্ব কর্মকর্তার গুণাবলী ও দায়িত্ব, সরকারি কর্মকর্তাদের শিষ্টাচার ও সামাজিক দায়িত্ব, কর অঞ্চলের ঐতিহ্য ও বিশেষ প্রেক্ষিত সম্পর্কে ধারণা এবং এসডিজি'র লক্ষ্যমাত্রা অর্জন ইত্যাদি বিষয়ে দুটি বিশেষ উপস্থাপনা প্রদান করা হয়।

প্রধান অতিথির দিক-নির্দেশনামূলক বক্তব্যে সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড জনাব মোঃ নজিবুর রহমান সদ্য যোগদানকৃত তরুণ কর্মকর্তাদের উদ্দেশ্যে বলেন, "জাতীয় রাজস্ব বোর্ডকে একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলায় আধুনিক, স্বচ্ছ ও গতিশীলভাবে পরিচালনার নিমিত্ত 'সুশাসন ও উন্নততর ব্যবস্থাপনা' নীতি অনুসরণপূর্বক কর্মক্ষেত্রে সুশৃঙ্খলা বজায় রাখা জরুরী। এ ক্ষেত্রে পেশাগত প্রশিক্ষণের কোন বিকল্প নেই। নবনিয়োগকৃত সহকারী কর কমিশনারদেরকে পরিচিতিমূলক ও বিভাগীয় বিষয়ভিত্তিক প্রশিক্ষণ সফল এবং সুশৃঙ্খলভাবে সমাপন করে তাঁদের প্রশিক্ষণলব্ধ জ্ঞাপন, মেধা, প্রজ্ঞা, কর্মকৌশল এবং দক্ষতাকে কাজে লাগিয়ে রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জনের মাধ্যমে দেশকে সমৃদ্ধির পথে এগিয়ে নিয়ে যেতে হবে। এ সময় তিনি জাতীয় রাজস্ব বোর্ডের কাছে জনগণের প্রত্যাশা পূরণে নবীন কর্মকর্তাদেরকে সক্রিয়ভাবে কাজ করার জন্য আহ্বান জানান।


বর্ণিত প্রেসবিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত মিডিয়ায় প্রচারের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ০১ কপি স্থিরচিত্র।

প্রাপক,

বার্তা সম্পাদক

সকল প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া।

  
(সৈয়দ এ, মুমেন)  
সিনিয়র তথ্য অফিসার